

স্মারক নং-ইইস/জার্নাল/ইবি-২০১৯/৩/


তারিখ: ২১ মে ২০১৯

### গবেষণামূলক প্রবন্ধ আহ্বান

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের জার্নাল “History and Culture (ইতিহাস ও সংস্কৃতি) ভলিউম-০৩, ডিসেম্বর ২০১৯ প্রকাশের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষক ও ইতিহাস গবেষকের নিকট থেকে নিম্নোক্ত শর্তাবলীর আলোকে গবেষণামূলক প্রবন্ধ আহ্বান করা হচ্ছে। প্রবন্ধ আগামী ৩০ জুন ২০১৯ তারিখের মধ্যে জমা নেয়া হবে। প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন, সম্পাদক, জার্নাল সম্পাদনা বোর্ড-২০১৯ ও বিভাগীয় সভাপতি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, ইবি এর নিকট প্রবন্ধ জমা দিতে অনুরোধ করা হলো।

শর্তাবলী :

১. প্রবন্ধ সর্বোচ্চ ১৫ পৃষ্ঠার মধ্যে (৪০০০ থেকে ৫০০০ শব্দ সম্বলিত) হতে হবে।
২. প্রবন্ধ বাংলা Sutonny MJ (Font Size 14) এবং ইংরেজি Times New Roman (Font Size 12)-এ, লাইন স্পেস 1.5 ও মার্জিন জাস্টিফাইড হিসেবে A4 সাইজ কাগজের এক পৃষ্ঠায় লিখিত হতে হবে।
৩. লিখিত প্রবন্ধের ৩ সেট হার্ড কপি ও ১টি সফট কপি MS WORD RFT (Rich Text Size Font) সফট কপিতে প্রবন্ধের লাইন স্পেস সিঙ্গেল থাকা বাঞ্ছনীয়।
৪. মার্জিন ও পৃষ্ঠা নম্বর: কাগজের উপরাংশের মার্জিন ১.২ ইঞ্চি, নিচে ১ ইঞ্চি, বামে ১.৪ ইঞ্চি ও ডানে ০.৯ ইঞ্চি থাকতে হবে। প্রতি অনুচ্ছেদের শুরুতে অর্ধ ইঞ্চি ছাড় হবে এবং কোটেশন বা উদ্ধৃতির ক্ষেত্রে ১ ইঞ্চি (উভয়পাশে) ছাড় দিতে হবে। কাগজের উপরের দিকে ডান কোণায় পৃষ্ঠা নম্বর দিতে হবে।
৫. হেডিং এবং টাইটেল : প্রবন্ধের হেডিং এবং টাইটেল ১৮ ফন্টে এবং সাব হেডিং ১৪ ফন্টে লিখিত হতে হবে। টাইটেলের নিচে কোন আন্ডারলাইন দেয়া যাবে না এবং টাইটলে উদ্ধৃতিচিহ্ন ব্যবহার করা যাবে না।
৬. প্রবন্ধের শুরুতে (১০০ থেকে ২০০ শব্দের মধ্যে) সারসংক্ষেপ (Abstract) লিখিত থাকতে হবে। সারসংক্ষেপ কাগজের উভয় পাশে ১ ইঞ্চি ছাড় রেখে লিখিত হতে হবে।
৭. কোন সারণী বা উদ্ধৃতি প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট অনুচ্ছেদের নিচে সিঙ্গেল স্পেস রেখে তা প্রদান করতে হবে।
৮. তথ্য সংযুক্তি :
  - ক. প্রবন্ধে তথ্য সংযুক্তির ক্ষেত্রে পর্যায়ক্রমে লেখকের নাম, প্রকাশনার বছর, প্রবন্ধের টাইটেল, জার্নাল বা গ্রন্থের নাম (ইটালিক সাইজড), ভলিউম নম্বর, খণ্ড নম্বর, মাস এবং পৃষ্ঠা নম্বর সুস্পষ্টভাবে সংযুক্ত করতে হবে।
  - খ. ইন্টারনেট থেকে তথ্য সংযুক্তির ক্ষেত্রে ওয়েবসাইটের ঠিকানা ও সংশ্লিষ্ট তথ্যাদি উল্লেখ করতে হবে এবং সংবাদপত্রের ক্ষেত্রে পর্যায়ক্রমে পত্রিকার নাম, মাস, তারিখ, সন ও পৃষ্ঠা নম্বর উল্লেখ করতে হবে।
৯. একই প্রবন্ধে ২ (দুই) জনের অধিক লেখক থাকবেন না। অন্য কোন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/গবেষকগণ কেবলমাত্র অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-এর সাথে গবেষণামূলক প্রবন্ধ লিখলে তা জমা দিতে পারবেন।
১০. শুধু অপ্রকাশিত গবেষণামূলক প্রবন্ধ এই জার্নালে প্রকাশের জন্য জমা দেয়া যাবে। প্রবন্ধ কোন ক্রমেই এম. ফিল এবং পি.এইচ.ডি থিসিসের অংশ জমা দিতে পারবে না।
১১. জার্নাল প্রকাশিত হলে লেখক/লেখকগণ এক কপি জার্নাল সৌজন্য হিসেবে পাবেন।
১২. জার্নালে প্রকাশের জন্য জমাকৃত লেখা ফেরত দেয়া হবে না।
১৩. জার্নালে প্রবন্ধ প্রকাশের বিষয়ে সম্পাদনা বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
১৪. প্রবন্ধ জমা দেয়ার শেষ তারিখ ৩০ জুন ২০১৯।

  
21.05.19

(প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন)

সম্পাদক

জার্নাল সম্পাদনা বোর্ড-২০১৯

ও

সভাপতি

ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ  
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।

সদয় অবগতির জন্য অনুলিপি দেয়া হলো :

১. ডিন, .....অনুষদ, ইবি।

২. সভাপতি,


আল-কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ/ দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ/ আল-হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ/ অর্থনীতি বিভাগ/ আরবী ভাষা ও সাহিত্য বিভাগ/ বাংলা বিভাগ/ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ/ ইংরেজি বিভাগ/ রাষ্ট্রবিজ্ঞান বিভাগ/ লোক প্রশাসন বিভাগ/ ফোকলোর স্টাডিজ বিভাগ/ সোস্যাল ওয়েলফেয়ার বিভাগ/ ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগ/আইন বিভাগ/আল-ফিক্হ এন্ড লিগ্যাল স্টাডিজ বিভাগ/ ল এন্ড ল্যান্ড ম্যানেজম্যান্ট বিভাগ/ হিসাববিজ্ঞান ও তথ্যপদ্ধতি বিভাগ/ব্যবস্থাপনা বিভাগ/ ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ/ মার্কেটিং বিভাগ/ হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ/ ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ/ ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ/ ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগ/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ/ বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ/ ফলিত পুষ্টি ও খাদ্য প্রযুক্তি বিভাগ/ গণিত বিভাগ/ পরিসংখ্যান বিভাগ/এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড জিওগ্রাফি বিভাগ/ বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ/ ফার্মেসি বিভাগ, ইবি।

৩. পরিচালক, কম্পিউটার সেন্টার, ইবি। (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে 'ইসলামী বিশ্ববিদ্যালয় গবেষণা জার্নাল' শীর্ষক পাতায় আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)

৪. উপ-পরিচালক, তথ্য, প্রকাশনা ও জনসংযোগ অফিস, ইবি।

৫. নোটিশ বোর্ড, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, ইবি।

৬. সংশ্লিষ্ট নথি।

  
21.05.19

(প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন)

সম্পাদক

জার্নাল সম্পাদনা বোর্ড-২০১৯

ও

সভাপতি

ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ

ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।